

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৮৬

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-বাকারা

بَابُّ: وَمِنْ سُورَةِ البَقَرَةِ

আরবী

حَدَّ ثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّ ثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ، وَيَزِيدُ بْنُ هَارُونَ، وَمُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ، عَنِ الْحَارِثِ بْنِ شُبَيْلٍ، عَنْ أَبِي عَمْرٍو الشَّيْبَانِيّ، عَنْ زَيْدِ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي عَمْرٍو الشَّيْبَانِيّ، عَنْ زَيْدِ بْنِ شُبَيْلٍ، عَنْ أَبِي عَمْرٍو الشَّيْبَانِيّ، عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ، قَالَ كُنَّا نَتَكَلَّمُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي الصَّلاَةِ فَنَزَلَتْ : (وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ) فَأُمِرْنَا بِالسُّكُوتِ .

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبِي خَالِدٍ، نَحْوَهُ وَزَادَ فِيهِ وَنُهِينَا عَنِ الْكَلاَمِ، . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَأَبُو عَمْرٍ والشَّيْبَانِيُّ اسْمُهُ سَعْدُ بْنُ إِيَاسٍ .

বাংলা

২৯৮৬. আহমদ ইবন মানী' (রহঃ) যায়দ ইবন আরকাম রাদিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর যুগে আমরা সালাতের মধ্যেও কথাবার্তা বলতাম। অনন্তর নাযিল হলঃ (وَقُومُوا لِلّهِ) তোমরা আল্লাহর জন্য বিনীত চুপ করে দাঁড়াবে (২ঃ ২৩৮)। এতদ্বারা আমাদের চুপ থাকতে নির্দেশ দেওয়া হল। সহিহ আবু দাউদ ৮৭৫

আহমদ ইবন মানী' (রহঃ) ... ইসমাঈল ইবন আবূ খালিদ (রহঃ) থেকে অনূরূপ বর্ণিত আছে। এতে অতিরিক্ত আছেঃ আর আমাদের (সালাতে) কথাবার্তা থেকে নিষেধ করে দেওয়া হল।

সহীহ, সহীহ আবু দাউদ ৮৭৫, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৮৬ [আল মাদানী প্রকাশনী] হাদীসটি হাসান- সহীহ। আবু আমর শায়বানী (রহঃ) -এর নাম হল সা'দ ইবন ইয়াস।



English

Narrated Zaid bin Arqam:

"During the time of the Messenger of Allah (ﷺ), we would talk during Salat, so 'And stand before Allah with obedience (2:238) was revealed, ordering us to be silent."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরকাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন